# ভর্তি বিজ্ঞপ্তি

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

## স্নাতক/ স্নাতক (সম্মান) ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি নির্দেশিকা, শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮

## Website: www.sust.edu/admission

**১. ভর্তি পরীক্ষা পদ্ধতি:**

ভর্তি পরীক্ষা ইউনিট ভিত্তিক অনুষ্ঠিত হবে। A এবং B ইউনিটে বিভক্ত বিভাগসমূহ এবং প্রতি বিভাগে আসন সংখ্যা নিচে উল্লেখ করা হলো:

**১.১ A ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য):**

| বিভাগ | আসন সংখ্যা | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|---|
| অর্থনীতি (ECO) | ৪০ + ২০ + ৬ = ৬৬ | সমাজকর্ম (SCW) | ২৫ + ৩৫ + ৬ = ৬৬ |
| সমাজবিজ্ঞান (SOC) | ৩০ + ৩০ + ৬ = ৬৬ | ব্যবসায় প্রশাসন (BUS) | ৩০ + ১০ + ৩৫ =৭৫ |
| পলিটিক্যাল স্টাডিজ (PSS) | ২০ + ৪০ + ৬ = ৬৬ | ইংরেজি (ENG) | ৩০ + ৩৫ + ৬= ৭১ |
| লোক প্রশাসন (PAD) | ২০ + ৪০ + ৬ = ৬৬ | বাংলা (BNG) | ৫ + ৬০ + ৬ = ৭১ |
| নৃ বিজ্ঞান (ANP) | ২০ + ৪০ + ৬ = ৬৬ | **মোট আসন সংখ্যা ২২০+৩১০+৮৩ = ৬১৩** | |

**১.২ B ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান):**

| Group | বিভাগ | আসন |
|---|---|---|
| Group 1 | পদার্থবিজ্ঞান (PHY) | ৬৫ |
| | রসায়ন (CHE) | ৬৫ |
| | গণিত (MAT) | ৮০ |
| | পরিসংখ্যান (STA) | ৮০ |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE) | ১০০ |
| | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স (CEP) | ৫০ |
| | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE) | ৫০ |
| | সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (CEE) | ৫০ |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) | ৫০ |
| | ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (FET) | ৪০ |
| | পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME) | ৩৫ |
| | ভূগোল ও পরিবেশ (GEE) | ৫০ |
| | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (MEE) | ৩৫ |
| | সমুদ্রবিজ্ঞান (OCG) | ৩০ |
| | সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং (SWE) | ৫০ |
| | জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (GEB) | ৩৫ |
| | বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (BMB) | ৩০ |
| | ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (FES) | ৫৫ |
| Group 2 | আর্কিটেকচার (ARC) | ৩০ |
| | **মোট আসন সংখ্যা ৯৫০+৩০=৯৮০** | |

**১.৩** উপরে উল্লিখিত আসন ছাড়াও মুক্তিযোদ্ধার সন্তান (২৮ জন), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্ত্বা/হরিজন-দলিত (২৮ জন), প্রতিবন্ধী (১৪ জন), পোষ্য (২০ জন) এবং বিকেএসপি কোটায় (৬ জন) সর্বমোট ৯৬ টি আসন সংরক্ষিত রয়েছে।

**১.৪** আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষা ছাড়াই সংশ্লিষ্ট বিষয়ে ভর্তির সুযোগ পাবে। 'সংশ্লিষ্ট বিষয়' সম্পর্কে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**২. ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা:**

**২.১** ২০১৬ অথবা ২০১৭ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি (সাধারণ ও কারিগরি)/আলিম/ডিপ্লোমা-ইন-কমার্স/সমমান এবং ২০১৪ অথবা ২০১৫ সালে অনুষ্ঠিত এস.এস.সি (সাধারণ ও কারিগরি)/দাখিল বা সমমান পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ২০১২ অথবা ২০১৩ সালে অনুষ্ঠিত এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যে সকল ছাত্র-ছাত্রী বিজ্ঞান শাখা থেকে এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পাশ করেছে তারা A ও B উভয় ইউনিটেই এবং অন্যেরা শুধু A ইউনিটে আবেদন করতে পারবে। A ইউনিটে আবেদন করার জন্যে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট **6.5** থাকতে হবে। B ইউনিটে আবেদন করার জন্যে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট **7.0** থাকতে হবে।

**২.২** আই.জি.সি.এস.ই (O লেভেল) তে কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং আই.এ.এল (A লেভেল) তে কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে।

**৩. বিষয়গত যোগ্যতা:**

একটি নির্দিষ্ট বিভাগে ভর্তি হওয়ার জন্যে সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম GPA 3.5 কিংবা A লেভেলে ন্যূনতম B গ্রেড থাকতে হবে।

| বিভাগ | সংশ্লিষ্ট বিষয় | বিভাগ | সংশ্লিষ্ট বিষয় |
|---|---|---|---|
| PHY, CSE, IPE, ARC, EEE, MEE, SWE | পদার্থবিজ্ঞান, গণিত | SOC, SCW, PSS, PAD, ANP | সমাজবিজ্ঞান বা পৌরনীতি বা যুক্তিবিদ্যা বা অর্থনীতি বা সমাজকল্যাণ বা বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি অথবা বাণিজ্য বা বিজ্ঞান শাখার যে কোন বিষয় |
| CEE, PME, OCG | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত | ECO | অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি |
| CHE, CEP | রসায়ন, গণিত | BUS | অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা ইংরেজি অথবা বিজ্ঞান বা বাণিজ্য শাখার যে কোন বিষয় |
| GEB, BMB, FET | জীববিজ্ঞান, রসায়ন, গণিত | ENG | ইংরেজি |
| MAT, STA | গণিত | BNG | বাংলা |
| GEE, FES | জীববিজ্ঞান, গণিত | | |

**৪. ভর্তি পরীক্ষার ইউনিট, বিভাগসমূহ, পরীক্ষার বিষয়, সময় এবং পরীক্ষার ফি :**

ছাত্র-ছাত্রীদের পছন্দের বিভাগগুলোতে ভর্তির জন্য রেজিস্ট্রেশনের সুবিধার্থে A ও B-ইউনিটের বিভাগসমূহকে নিম্নবর্ণিত সাব-ইউনিটসমূহে ভাগ করা হয়েছেঃ

| সাব-ইউনিট (কি-ওয়ার্ড) | | প্রযোজ্য বিভাগসমূহ | যে যে বিষয় পরীক্ষা দিতে হবে (নির্ধারিত নম্বর) | পরীক্ষার সময় | পরীক্ষার ফি (টাকা) |
|---|---|---|---|---|---|
| A | | A ইউনিট- এর সকল বিভাগ | বিজ্ঞান শাখা: ইংরেজি (২০), বাংলা (১০), পদার্থবিজ্ঞান (১০), রসায়ন (১০), গণিত/জীববিজ্ঞান (১০), বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (১০) | ১ ঘন্টা ৩০ মিনিট | ৮০০/- |
| | | | মানবিক শাখা: ইংরেজি (২০), বাংলা (১০), অর্থনীতি, পৌরনীতি, যুক্তিবিদ্যা, সমাজবিজ্ঞান, সমাজকল্যাণ, ইতিহাস এবং ইসলামের ইতিহাস সম্পর্কিত প্রশ্নাবলি, বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (৩০), মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত (১০) | ১ ঘন্টা ৩০ মিনিট | |
| | | | বাণিজ্য শাখা: ইংরেজি (২০), বাংলা (১০), হিসাববিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (৩০), মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত (১০) | ১ ঘন্টা ৩০ মিনিট | |
| B | B1 | Group-1 এর সকল বিভাগ | ইংরেজি (১০), পদার্থবিজ্ঞান (২০), রসায়ন (২০), গণিত (২০) | ১ ঘন্টা ৩০ মিনিট | ৮০০/- |
| | B2 | Group-1 এবং Group-2 এর সকল বিভাগ | ইংরেজি (১০), পদার্থবিজ্ঞান (২০), রসায়ন (২০), গণিত (২০), ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞান (৩০) | ১ ঘন্টা ৩০ মিনিট +১ ঘন্টা = ২ ঘন্টা ৩০ মিনিট | ৯০০/- |

**৫. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া:**

**৫.১** যদি কোন ছাত্র/ছাত্রী A ও B উভয় ইউনিটে পরীক্ষা দিতে চায় তবে তাকে উভয় ইউনিটে আলাদা আবেদন করতে হবে। সাব-ইউনিটগুলো এমনভাবে সাজানো হয়েছে যে, ***কোনো ইউনিটের একটি সাব-ইউনিটে আবেদন করলে ঐ ইউনিটের অন্য সাব-ইউনিটে আবেদন করা যাবে না***।

**৫.২** আবেদন করার জন্যে একটি প্রিপেইড **টেলিটক** মোবাইল ফোন থেকে বিশ্ববিদ্যালয়ের নাম (SUST), এইচ.এস.সি/সমমান শিক্ষা বোর্ডের নামের কোড, এইচ.এস.সি/সমমান

পরীক্ষার রোল নম্বর, পাশের সন এবং এস.এস.সি./সমমান শিক্ষা বোর্ডের নামের কোড, এস.এস.সি/সমমান পরীক্ষার রোল নম্বর, পাশের সন, সাব-ইউনিটের কী ওয়ার্ড (A, B1, B2) লিখে **16222** নম্বরে SMS করতে হবে। বিভিন্ন পরীক্ষার শিক্ষা বোর্ডের নামের কোড নিম্নলিখিত ভাবে লিখতে হবেঃ বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA),দিনাজপুর (DIN), যশোর (JES),মাদ্রাসা (MAD), রাজশাহী (RAJ), সিলেট (SYL), ভোকেশনাল (VOC), ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ (DIB), ডিপ্লোমা-ইন-কর্মাস (DIC), ডিপ্লোমা-ইন-বিজনেস ম্যানেজমেন্ট (DBM), ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (DIE), O/A লেভেল (GCE)।

উদাহরণঃ SUST<space>SYL<space>123456<space>2017<space> SYL<space> 654321<space> 2015< space>A এখানে 123456 এবং 654321 যথাক্রমে এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর। **কোটায় আবেদন** করতে সাব ইউনিটের পরে কোটা কোড (FFQ-মুক্তিযোদ্ধার সন্তান, EMQ-ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্তা/হরিজন-দলিত, DIQ- প্রতিবন্ধী, WAQ- পোষ্য, BKQ- বিকেএসপি) দিতে হবে। উল্লেখ্য, প্রতিবন্ধী কোটায় শুধু দৃষ্টি, বাক, শ্রবণ প্রতিবন্ধী এবং হুইল চেয়ার ব্যবহারকারীরাই যোগ্য বলে বিবেচিত হবে।

উদাহরণ: SUST<space>SYL<space>123456<space>2017<spce>SYL<space>654321<space>2014<space>A<space>FFQ

EMQ কোটায় আবেদনকারীগণকে অতিরিক্ত তথ্য প্রদানের জন্য ২২ অক্টোবর, ২০১৭ থেকে ৫ নভেম্বর, ২০১৭ তারিখের মধ্যে http://sust.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে Teletalk থেকে প্রাপ্ত User ID এবং Password দিয়ে Login করে নির্দিষ্ট Form পূরণ করতে হবে ।

**GCE** এবং **DIE** শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত পদ্ধতিতে SMS করতে হবে।

উদাহরণ-১: SUST<space>GCE<space>123456<space>2017<space>A

উদাহরণ-২: (কোটার ক্ষেত্রে): SUST<space> DIE<space>123456<space>2017<space> A<space> FFQ

এখানে 123456 এইচএসসি/ সমমান পরীক্ষার Candidate Number এবং ২০১৭ পাশের সন। এ পর্যায়ে PIN নম্বরসহ যে ফিরতি SMS আসবে তা অনুসরণ করে প্রার্থীদের মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের) দিতে হবে।

উদাহরণ: SUST<space>YES<space>7654321<space>01xxxxxxxxx (এখানে 7654321 হচ্ছে PIN নম্বর)

**৫.৩** শিক্ষাবোর্ড থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে ভর্তি পরীক্ষা দেওয়ার যোগ্য হলে তার মোবাইল ফোন থেকে নির্ধারিত ফি কেটে নিয়ে তাকে ভর্তি পরীক্ষার রোল নম্বর, প্রবেশপত্রের জন্য একটি User ID এবং Password প্রার্থীদের মোবাইল নম্বরে জানিয়ে দেওয়া হবে, যা আবেদনকারীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

**৫.৪ প্রবেশপত্র প্রিন্ট:**

http://sust.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে সংশ্লিষ্ট ইউনিটের User ID ও Password দিয়ে Login করে সদ্যতোলা ৩০০×৩০০ Pixel এবং অনধিক 100KB সাইজের রঙিন ছবি আপলোড করতে হবে। **ছবি একবার আপলোড হয়ে গেলে পরিবর্তনের কোন সুযোগ নেই।** অতঃপর প্রত্যেক ইউনিটের জন্য ছাত্র-ছাত্রীদেরকে ২ (দুই) কপি প্রবেশপত্র সাদা A4 সাইজ অফসেট কাগজে রঙিন প্রিন্ট নিতে হবে। যদি কেউ উভয় ইউনিটে আবেদন করে, সেক্ষেত্রে প্রতিটি ইউনিটের জন্য একই নিয়মে আলাদাভাবে প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। অনলাইনে প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা SMS/SUST Admission Website এ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রার্থীদের মোবাইল নম্বরে জানানো হবে।

User ID এবং Password হারিয়ে গেলে SUST<space>HELP<space>এইচ.এস.সি/সমমান শিক্ষাবোর্ডের নামের কোড <space>এইচ.এস.সি/সমমান পরীক্ষার রোল নম্বর <space>এইচ.এস.সি/সমমান পরীক্ষার পাশের সন<space>ইউনিট লিখে যেকোন টেলিটক মোবাইল নম্বর থেকে **16222** নম্বরে SMS করতে হবে। সেক্ষেত্রে প্রার্থীদের মোবাইল নম্বরে User ID এবং Password সহ বিস্তারিত তথ্য জানানো হবে।

উদাহরণ-১: SUST<space>HELP<space>SYL<space>123456<space>2017<space>A

উদাহরণ-২: SUST<space>HELP<space>PIN<space>7654321 (এখানে 7654321 হচ্ছে PIN নম্বর উদাহরণ)

**৫.৫** GCE এবং DIE- এর আবেদনকারীগণকে ২২ অক্টোবর, ২০১৭ থেকে ৫ নভেম্বর, ২০১৭ তারিখের মধ্যে http://sust.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে Teletalk থেকে প্রাপ্ত User ID এবং Password দিয়ে Login করে Mark/Grade Sheet পূরণ করতে হবে।

**৫.৬ ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:** প্রত্যেক ইউনিটের জন্য ছাত্রছাত্রীদের ০২ (দুই) কপি প্রবেশপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

(ক) যে কোন মোবাইল ফোন থেকে SUST লিখে নিম্নলিখিত কী-ওয়ার্ডগুলো **6969** নম্বরে SMS করে ভর্তি পরীক্ষার বিভিন্ন তথ্য জানতে পারবেঃ DATE, FEES, EXAMSUB, REQDGPA, TOTALSEAT, FORGOTROLL এবং HELP (উদাহরণঃ SUST<space>DATE)

**(খ)** ভর্তি সংক্রান্ত কোন বিষয়ে প্রশ্ন থাকলে **01555555001-4** হটলাইনে (সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত) অথবা **admission@sust.edu** -তে ই-মেইলে যোগাযোগ করা যাবে।

**৬. আবেদনের সময়সীমা:**

ভর্তি পরীক্ষার আবেদন ১৫ অক্টোবর (সকাল ১০ টা) ২০১৭ থেকে ৪ নভেম্বর (রাত ১২ টা) ২০১৭ তারিখ পর্যন্ত মোবাইল ফোন-এর দ্বারা শুধু SMS এর মাধ্যমে করা যাবে।

**৭. আসন বিন্যাস:**

ভর্তি পরীক্ষার আসন বিন্যাস যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.sust.edu/admission)** প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানানো হবে। এ ছাড়াও যেকোন মোবাইল ব্যবহার করে **6969** নম্বর SMS করে এ-সংক্রান্ত তথ্য জেনে নেয়া যাবে।

উদাহরণ: SUST<space>SEATPLAN<space>EXAMROLL

**৮. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:**

| তারিখ | বার | A ইউনিট | B ইউনিট |
|---|---|---|---|
| ১৮ নভেম্বর ২০১৭ | শনিবার | সকাল ৯:৩০ মিঃ | বিকাল ২:৩০ মিঃ |

**৯. প্রশ্নপত্র:**

প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে কোনো পরীক্ষার্থী যদি ইংরেজিতে প্রশ্নপত্র পেতে চায় তাকে http://sust.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে ২২ অক্টোবর, ২০১৭ থেকে ৫ নভেম্বর, ২০১৭ তারিখের মধ্যে Teletalk থেকে প্রাপ্ত User ID ও Password দিয়ে Login করে নির্দিষ্ট Form পূরণ করতে হবে।

**১০. পরীক্ষা পদ্ধতি:**

**১০.১** ভর্তি সম্পূর্ণভাবে বহু নির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্যে ০.২০ নম্বর কাটা যাবে। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR ফরম-এ উত্তর করতে হবে। পরীক্ষার হলে নির্দিষ্ট মডেলের ক্যালকোলেটর ব্যতীত মোবাইল ফোনসহ যাবতীয় ইলেক্ট্রনিক্স ডিভাইস সাথে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

**১০.২** বিদেশী ও বিদেশে অধ্যয়ন করা বাংলাদেশি ছাত্রছাত্রী যারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে না, তাদের ক্ষেত্রে ভর্তির আবেদনের জন্য SAT Score ন্যূনতম ৮০০ থাকতে হবে। এসকল ছাত্রছাত্রীর ক্ষেত্রে আবেদন প্রক্রিয়ার শেষ তারিখ ৪ নভেম্বর ২০১৭। এবিষয়ে বিস্তারিত তথ্য **www.sust.edu/admission** ওয়েবসাইটে পাওয়া যাবে।

**১১. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া :**

**১১.১** A এবং B-ইউনিটের জন্য ভিন্ন ভিন্ন মেধা তালিকা তৈরি করা হবে। মেধা তালিকার মোট নম্বরের মধ্যে ৭০% নম্বর আসবে ভর্তি পরীক্ষা থেকে এবং অবশিষ্ট ৩০% নম্বর আসবে এস.এস.সি বা সমমান ও এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফল থেকে। মেধা তালিকায় অন্তর্ভুক্তির জন্য সব মিলিয়ে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। কোটার ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য।

**১১.২** এস.এস.সি/ সমমান ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষার ফলাফল থেকে নম্বর প্রস্তুত করার জন্য নিয়মিতদের ক্ষেত্রে এস.এস.সি/ সমমান ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডের যোগফলকে ৩ দিয়ে এবং অনিয়মিতদের ২.৭ দিয়ে গুণ করা হবে।

**১১.৩** আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছু প্রার্থীকে ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।

**১১.৪** ইংরেজি বিভাগে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ইংরেজিতে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে। অর্থনীতি বিভাগে ভর্তি হতে হলে মানবিক এবং বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষায় সাধারণ গণিতে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে।

**১১.৫** ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে **(www.sust.edu/admission)** প্রকাশ করা হবে। ছাত্র–ছাত্রীরা যে-কোন মোবাইল ব্যবহার করে **6969** নম্বরে SMS করে এ-সংক্রান্ত তথ্য জেনে নিতে পারবে।

উদাহরণ: SUST<space>RESULT<space>EXAMROLL

**১১.৬** একজন পরীক্ষার্থী মেধাতালিকা, বিষয়গত যোগ্যতা এবং পছন্দের ভিত্তিতে আসন থাকা সাপেক্ষে শুধু একটি বিভাগে ভর্তির সুযোগ পাবে।

**১১.৭** ভর্তির সময় সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এস.এস.সি. বা সমমান ও এইচ.এস.সি. বা সমমান পরীক্ষার মূল মার্কশিট, প্রশংসাপত্র ও ভর্তির জন্য প্রয়োজনীয় টাকা সঙ্গে আনতে হবে। প্রতিটি সনদপত্র ও মার্কশিটের ২টি ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে এবং ভর্তি শেষে এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কশিটটি জমা রাখা হবে। সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

**১১.৮** ভর্তি পরীক্ষার আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/ মিথ্যা তথ্য ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্রছাত্রীর ভর্তি বাতিল হবে।

**১১.৯** প্রতিবন্ধী কোটায় প্রতিবন্ধীদের ধরন ও মাত্রা বিবেচনা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্তা/হরিজন-দলিত কোটায় স্ব স্ব জাতিগোষ্ঠী থেকে কমপক্ষে ১ (এক) জন করে বিভাগসমূহের সুযোগ-সুবিধা বিবেচনা করে যাচাই-বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে এই আসন গুলোতে ভর্তি সম্পন্ন করা হবে।

রেজিস্ট্রার
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট